

## পীরগঞ্জ শিক্ষার্থী ছাড়াই কলেজ!

### পীরগঞ্জ (রংপুর) প্রতিনিধি

পীরগঞ্জের নিরুত্তর পন্নীতে হঠাৎ কলেজ প্রতিষ্ঠিত হয়েছে। অনেকটা গোপনীয়ভাবেই কলেজটি করা হয়। সেখানে নেই সাইন বোর্ড, শিক্ষক-কর্মচারী কিংবা শিক্ষার্থী। শুধু নিয়োগ বাণিজ্যের লক্ষ্যে পিতা-পুত্র মিলে পারিবারিকভাবে কলেজটি প্রতিষ্ঠা করে। উপজেলার চৈত্রকোল ইউনিয়নের ঝাড়আমবাড়ী নামকস্থানে প্রতিষ্ঠিত কলেজটি 'চকবরখোদা টেকনিক্যাল অ্যান্ড বিএম ইন্সটিটিউট' নাম দেয়া হয়েছে। প্রাপ্যতা না থাকলেও মন্ত্রণালয়ের এক কর্মকর্তার মাধ্যমে কলেজটি প্রতিষ্ঠা করার চেষ্টা হচ্ছে মর্মে অধ্যক্ষ জানিয়েছেন।

সর্বশেষ সূত্র জানায়, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে পীরগঞ্জের উল্লেখিত স্থানে ২০১৪ সালে 'চকবরখোদা টেকনিক্যাল অ্যান্ড বিএম ইন্সটিটিউট' নামে ওই কলেজটি প্রতিষ্ঠা করা হয়। এদিকে পীরগঞ্জের শানেরহাট কারিগরি কলেজ, মাদারহাট বিজনেস অ্যান্ড টেকনিক্যাল ম্যানেজমেন্ট কলেজ, চতরা বিজ্ঞান ও কারিগরি কলেজ, পীরগঞ্জ বিজ্ঞান ও কারিগরি কলেজ, বাশপুকুরিয়া ভোকেশনাল অ্যান্ড বিএম কলেজ এবং খালাশপীর বিজ্ঞান ও কারিগরি কলেজ

### নিয়োগ বাণিজ্যের জন্য

পিতা-পুত্র মিলে  
কলেজটি প্রতিষ্ঠা

করেছেন বলে অভিযোগ

কর্তৃপক্ষের কাছ থেকে প্রত্যয়নপত্র নিয়ে কয়েক বছর আগেই কলেজগুলো প্রতিষ্ঠা করা হয়। এ ব্যাপারে ওই এলাকার কয়েকজন ব্যক্তি নাম না প্রকাশের শর্তে জানান, কিভাবে কখন 'চকবরখোদা টেকনিক্যাল অ্যান্ড বিএম ইন্সটিটিউট' কলেজ হল কিছুই জানি

না। কলেজটির অধ্যক্ষ জিয়াউর রহমান জানান, পীরগঞ্জে শিক্ষা প্রতিষ্ঠানের অবশ্য প্রাপ্যতা নেই। তবে মন্ত্রণালয়ের এক কর্মকর্তার সহযোগিতায় কলেজটি করা হচ্ছে। তিনি আরও বলেন, ২০১৪ সালে বাবাকে (খাদেমুল ইসলাম) সভাপতি করে ১৫ সদস্যবিশিষ্ট একটি বাস্তবায়ন কমিটি গঠনের পর কলেজটি প্রতিষ্ঠা করেছে। শিক্ষার্থী সংগ্রহের চেষ্টা করছি। বিধি অনুযায়ী উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা প্রতিবেদন দেয়ার পর সর্বশেষ কর্তৃপক্ষ পরিদর্শন করে কলেজের প্রাথমিক অনুমতি দিয়েছে। তবে পাঠদানের অনুমতি পাওয়া যায়নি।

এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মাহতাব হোসেন বলেন, আমি উল্লেখিত কলেজটির ব্যাপারে কিছুই জানি না। কোনো প্রত্যয়নও দেইনি।